

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd


বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কার্যাবলীর অগ্রগতি সম্পর্কে সাপ্তাহিক টিম সভার কার্যবিবরণী:-

সভাপতি : নাজমা মোবারেক
সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ১০/০৯/২০২৩ রবিবার, সকাল ১০:০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে গত ০৩/০৯/২০২৩ তারিখের কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী সভায় আলোচনা করা হয়। অতঃপর আলোচ্যসূচি ভিত্তিক নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং:	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	শাখার কাজ নিষ্পন্ন	প্রতিটি শাখার কাজ সচিবালয় নির্দেশনাবলী ২০১৪ অনুযায়ী নিষ্পত্তি করা এবং নথি অনুমোদনের পরে দ্রুত পত্র জারি করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। নথি উপস্থাপনের সময় বিবেচ্য পত্রের প্রাপ্তির তারিখ উল্লেখ করে খসড়া পত্রসহ উপস্থাপন করার বিষয়ে সভায় নির্দেশনা দেয়া হয়।	সচিবালয় নির্দেশমালা -২০১৪ অনুযায়ী শাখার কাজ দ্রুত নিষ্পন্ন করতে হবে। বিবেচ্যপত্র প্রাপ্তির তারিখ উল্লেখপূর্বক নথি পত্রের খসড়াসহ উপস্থাপন করতে হবে এবং নথি অনুমোদনের পরে দ্রুত পত্র জারি করতে হবে।	সকল শাখা, মশিবিম
২.	প্রশিক্ষণ	ক) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। খ) সাপ্তাহিক ছুটির দিন প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।	ক) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণ দিতে হবে। খ) প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিনে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	প্রশাসন উইং, প্রশিক্ষণ শাখা।
৩.	নিয়োগ	অভ্যন্তরীণ নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রশাসন উইং
৪.	দায়িত্ব পালন	প্রতি সপ্তাহের রবিবার সাপ্তাহিক টিম সভা অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা করা হয় এবং সমন্বয় শাখা সাচিবিক দায়িত্ব পালন করবে। (বাস্তবায়িত)	প্রতি সপ্তাহের রবিবার সাপ্তাহিক টিম সভা অনুষ্ঠিত হবে। সমন্বয় শাখা টিম সভায় সাচিবিক দায়িত্ব পালন করবে।	সমন্বয় শাখা
৫.	পরিদর্শন	ক) কর্মকর্তাগণ সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নিয়মিত শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। খ) মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতি মাসে সচিব ন্যূনতম ১টি, অতিরিক্ত সচিব ১টি, যুগ্মসচিব ২টি, উপসচিব ২টি পরিদর্শন করবেন। পরিদর্শন শেষে নির্ধারিত ছক অনুযায়ী ইস্যু ভিত্তিক প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়।	ক) সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নিয়মিত শাখা পরিদর্শন করতে হবে। খ) মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করতে হবে। প্রতি মাসে সচিব ন্যূনতম ১টি, অতিরিক্ত সচিব ১টি, যুগ্মসচিব ২টি, উপসচিব ২টি পরিদর্শন পূর্বক প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে।	ক) সকল কর্মকর্তা, মশিবিম। খ) সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিব সকল।

অতঃপর আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(নাজমা মোবারেক) ১২.০৯.২০২৩
সচিব